



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৬৩৭৮

তারিখঃ ২৬/২/১৪


বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের পাঠদানের অনুমতি প্রদান।

সূত্র : অধ্যক্ষের স্মারক নং- ৫৫, তারিখঃ ৩০/১১/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ১৪/১২/২০১৪ খ্রিঃ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে শহীদ জননী মহিলা মহাবিদ্যালয়, ডাকঘরঃ দীর্ঘা, উপজেলাঃ নাজিরপুর, জেলাঃ পিরোজপুর-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে ০১/০৭/২০১৪ থেকে ৩০/০৬/২০১৫ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) বছরের জন্য উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের পাঠদানের অনুমতি প্রদান করা হলো। পাঠদানের অনুমতির এ সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষা বর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করাতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- ০৩। জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ০৪। কলেজের ভবন ও আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৬। গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৭। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাশ রুটিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে
- ০৮। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ১০। ব্যবহারিক ক্লাস ও ক্লাসে শিক্ষার্থীদের হাজিরা নিশ্চিত করতে হবে



ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬৪৭৪৫।

অধ্যক্ষ

শহীদ জননী মহিলা মহাবিদ্যালয়

ডাকঘর : দীর্ঘা, উপজেলা : নাজিরপুর, জেলা : পিরোজপুর।

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
- ০৩। সংরক্ষণ নথি।